দৈনিক সংবাদ

তারিখ ... DEC 26 1999
পৃষ্ঠা ... কলাম ...

03

## প্রস্তাবিত ৬টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আগামী শিক্ষাবর্ষে চালু হবে ঃ শিক্ষামন্ত্রী

প্রস্তাবিত ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৬টিই ২০০০-২০০১ শিক্ষাবর্ষে তাদের কার্যক্রম শুরু করবে। বাসস।

প্রস্তাবিত এ ৬টি বিশ্ববিদ্যালয় গোপালগঞ্জ, টাঙ্গাইল, দিনাজপুর, রংপুর, পটুয়াখালী ও রাঙ্গামাটিতে প্রতিষ্ঠা করা হবে। এসব বিশ্ববিদ্যালয় আসন্ন শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তি শুরু করবে।

সরকার বিশ্ববিদ্যালয়গুলো প্রতিষ্ঠার জন্য সম্প্রতি ৬ জন প্রকল্প পরিচালক নিয়োগ করেছেন।

শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক বৃহস্পতিবার জানান, প্রকল্প পরিচালকরা বিশ্ববিদ্যালয়ের শিক্ষাবর্ষ শুরু হওয়ার পর থেকে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করবেন।

নবনিযুক্ত প্রকল্প পরিচালকরা হচ্ছেন অধ্যাপক খায়রুল আনাম খান (গোপালগঞ্জ), অধ্যাপক দুর্গাদাস ভট্টাচার্য (টাঙ্গাইল), অধ্যাপক আনিসুর রহমান (দিনাজপুর), অধ্যাপক খালেকুজ্জামান (রংপুর), অধ্যাপক হারুন ইউসুফ (পটুয়াখালী) এবং অধ্যাপক সেকান্দার খান (রাঙ্গামাটি)।